দৈনিক বাংলা

তারিখ 01 DEC 1995
পৃষ্ঠা 6 কলাম 5

152

# মাদ্রাসা বোর্ড ঃ আলিমে পাসের হার ৬৩.৫৬

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৫ সনের আলিম পরীক্ষায় ১৯ হাজার ৮৬৪ জন ছাত্রছাত্রী পাস করেছেন। পাসের হার শতকরা ৬৩ দশমিক ৫৬।

গতকাল বৃহস্পতিবার প্রকাশিত আলিম পরীক্ষার ফলাফলে জানা যায়, এ বছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩১ হাজার ২৫১ জন। এদের মধ্যে সম্মিলিতভাবে প্রথম বিভাগে এক হাজার ২৬১ জন, দ্বিতীয় বিভাগে ৮ হাজার ৯৯৬ জন এবং তৃতীয় বিভাগে ৯ হাজার ৬০৭ জন উত্তীর্ণ হয়েছেন। এদের মধ্যে ১৮ হাজার ১১৯ জন ছাত্র এবং এক হাজার ৭৪৫ জন ছাত্রী। ছাত্রদের পাসের হার শতকরা ৬৩.৭৩ এবং ছাত্রীদের ৬১.৮৮ ভাগ। এদের মধ্যে আলিম সাধারণ, আলিম বিজ্ঞান এবং আলিম মুজাব্বিদ-ই-মাহির বিভাগ রয়েছে।

তিন বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান লাভ করেছেন চাঁদপুরের ফরাজীকান্দী ওয়াসিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র কাউছার আহমেদ। তাঁর প্রাপ্ত নম্বর ৯০৩। দিতীয় ও তৃতীয় হয়েছেন একই মাদ্রাসার ছাত্র যথাক্রমে মোহাম্মদ গোলামুন্নবী ও আনোয়ার উস-সাহাদাৎ। ৪র্থ হয়েছেন, নোয়াখালীর চন্দ্রগঞ্জ ফারাকতিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র বারাকাত। ৫ম, হয়েছেন ফরাজীকান্দী ওয়াসিয়া আলিয়া মাদ্রাসার আমিনুল ইসলাম। ৬ষ্ঠ নওগাঁর নামাজগড় গাউছুল আজম আলিয়া মাদ্রাসার ছাত্র মাহবুবুর রহমান আকন্দ। ৭ম সিরাজগঞ্জ উল্লাপাড়া ফাজিল মাদ্রাসার ছাত্র নাজমুছ ছাকেব। ৮ম চাঁদপুরের ফরাজীকান্দী ওয়াসিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ ইসমাইল। ৯ম ঢাকার তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার মোহাম্মদ মাছুম বিল্লাহ এবং দশম বরগুনার নলিচরক গাছিয়া এতিম মঞ্জিল সিনিয়র মাদ্রাসার ছাত্র গোলাম মোস্তফা।